সমগ্র স্বর্গ সেই সাফল্যের নির্দিষ্ট সময়ের প্রতী(ায় ছিল যখন যীশু তাঁর পিতার কাছে আরোহণ করবেন। মহিমার রাজাকে অভ্যর্থনা করতে ও তাঁকে জয়ের উল্লাসে স্বর্গের পানে সাহচর্য দিতে দূতগণ উপনীত হন। তাঁর শিষ্যদেরকে যীশু আশীর্বাদ করার পরে, তিনি তাদের কাছ থেকে বিচ্ছিন্ন হন, ও ঊর্দ্ধে নীত হন। আর যেমন তিনি ঊর্দ্ধদিকে পথ পরিচালন করেন, বন্দিরূপে আবদ্ধ জনতা যারা তাঁর পুন(খানেতে উত্থাপিত হয়েছিলেন, অনুসরণ করেন। স্বর্গীয় বাহিনীর এক বহু সংখ্যা উপস্থিত ব্যক্তি(বর্গে ছিলেন, যখন স্বর্গে এক অগণিত সংখ্যক দূত তাঁর আগমনের প্রতী(া করেন। যেমন তারা পবিত্র নগরীতে ঊর্দ্ধে আরোহণ করেন, যে দূতগণ যীশুর সহচর ছিলেন চিৎকার করে বলেন, হে পুরদ্বার সকল, মস্তক তোল(হে চিরন্তন কবাট সকল , উত্থিত হও(প্রতাপের রাজা প্রবেশ করিবেন। তীব্র আনন্দের সঙ্গে নগরীতে দূতগণ, যারা তাঁর আগমন প্রতী(া করেন, চিৎকার করে বলেন, সেই প্রতাপের রাজা কে? সহচর দূতেরা সাফল্যের আনন্দে উত্তর দেন, পরাত্র(মী ও বীর সদাপ্রভু, যুদ্ধবীর সদপ্রভু। হে পুরদ্বার সকল মস্তক তোল(হে চিরন্তন কবাট সকল, মস্তক উত্থাপন কর। আবার স্বর্গীয় বাহিনী চিৎকার করে ওঠেন, সেই প্রতাপের রাজা কে? সহচর দূতেরা সুললিত গীতে উত্তর দেন, বাহিনীগণের সদাপ্রভু! তিনিই প্রতাপের রাজা! আর স্বর্গীয় অনুচরবর্গ নগরীর মধ্যে চলে যান। তখন সমগ্র স্বর্গীয় বাহিনী ঈশ্বরের পুত্রকে, মহিমাময় অধিনায়ককে ঘিরে ধরেন, আর গভীরতম ভক্তি(তে অবনত হয়ে, তাঁর চরণে তাদের চাকচিক্যশালী মুকুট নি(প করেন। আর তারপরে তারা স্বর্ণ বীণাগুলি স্পর্শ করেন, ও মধুর সুললিত গানের সুরে তাদের সুগম্ভীর ভাবপূর্ণ সঙ্গীতের দ্বারা ও সেই মেষশাবকের প্রতি গীতসমূহে যিনি হত হন, তথাপি প্রতাপ ও মহিমা আবার জীবিত হন, সমগ্র স্বর্গ পূর্ণ করেন।

পরে আমাকে দেখানো হয় শিষ্যদেরকে যেমন তারা তাদের স্বর্গারোহণকারী প্রভুর শেষ ঝলকটি ধরতে স্বর্গের পানে স্থির দৃষ্টিতে দুঃখের সঙ্গে তাকান। দুজন স্বর্গদূত শুভ্র বস্ত্রে তাদের পাশে দাঁড়ান ও তাদের প্রতি বলেন, হে গালীলীয় লোকেরা, তোমরা আকাশের দিকে দৃষ্টি করিয়া দাঁড়াইয়া রহিয়াছ কেন? এই যে যীশু তোমাদের নিকট হইতে স্বর্গে ঊর্দ্ধে নীত হইলেন, উঁহাকে যেরূপে স্বর্গে গমন করিতে দেখিলে, সেইরূপ উনি আগমন করিবেন। শিষ্যরা, যীশুর মা সহ, ঈশ্বরের পুত্রের স্বর্গারোহণ স্বচ(দেখেন, আর তারা তাঁর অদ্ভুত অদ্ভুত কার্য, আর বিস্ময়কর ও গৌরবময় যে বিষয়গুলি এক স্বল্প সময়ের মধ্যে ঘটেছিল তা নিয়ে কথাবার্তা করে সে রাতটি কাটান।

শয়তান তার দূতগণের সঙ্গে পরামর্শ করে, আর ঈশ্বরের শাসনব্যবস্থার বি(দ্ধে বিদ্বেষ নিয়ে, তাদেরকে বলে যে যখন পৃথিবীর ওপরে সে তার (মতা ও কর্তৃত্ব বজায় রাখে, যীশুর অনুগামীদের ওপরে তাদের চেষ্টাগুলি অবশ্য করে দশগুণ হতে হবে। যীশুর বি(দ্ধে তারা কিছুরই বিজয় পায় নি(তবে তাঁর অনুগামীদেরকে তাদেরকে অবশ্যই সম্পূর্ণরূপে পরাজিত করতে হবে, যদি তা সম্ভব হয়, এবং যারা যীশুতে, তাঁর পুন(খান ও তাঁর স্বর্গারোহণে বিশ্বাস করবে তাদেরকে ফাঁদে ফেলতে, প্রতিটি প্রজন্ম ব্যাপি তার কার্য চালিয়ে যাবে। শয়তান তার দূতগণের কাছে বর্ণনা করে যে তাদেরকে বের করতে, তাদের ভৎর্সনা করতে ও যাদেরকে সে ক্লেশ দেবে, তাদেরকে সুস্থ করতে যীশু তাঁর শিষ্যদেরকে (মতা দিয়েছিলেন। তখন শয়তানের দূতগণ গর্জনকারী সিংহদের ন্যায় গমন করে, যীশুর অনুগামীদেরকে বিনষ্ট করার চেষ্টা করে।

গীতসংহিতা ২৪ঃ ৭-১০(প্রেরিত ১ঃ ১-১১ দেখুন।

১২শ অধ্যায়

খৃষ্টের শিষ্যগণ

পরাত্র(মী (মতার সঙ্গে শিষ্যেরা এক ত্রু(শারোপিত ও পুন(থিত ত্রাণকর্তার প্রচার করেন। তারা রোগগ্রস্তের আরোগ্যদান করেন, এমন কি একজন যে সর্বদাই খঞ্জ থেকে এসেছিল সম্পূর্ণ সুস্থতা ফিরে পায়, ও তাদের সঙ্গে মন্দিরে প্রবেশ করে, সমস্ত লোকদের সা(াতে হাটাচলা করে, লম্ফ-ঝম্ফ দেয় ও ঈ(রের প্রশংসা করে। খবরটি রটে, আর লোকেরা শিষ্যদের চারিপাশে ঠেলাঠেলি ভিড় করে, অনেকেই একসঙ্গে দৌড়ে যায়, ভীষণভাবে সেই কর্মসিদ্ধ আরোগ্যে বিস্মিত ও চমৎকৃত হয়।

যখন যীশু মারা যান প্রধান পুরোহিতেরা ভাবে যে তাদের মাঝে আর চিহ্(কার্য হবে না, যে উত্তেজনা ীণ হয়ে আসবে, আর যে লোকেরা আবার মনুষ্যদের পরম্পরার দিকে ফিরবে। কিন্তু দেখ! ঠিক তাদেরই মাঝে, শিষ্যরা অলৌকিক কার্যসমূহ সাধন করছিলেন, ও লোকেরা বিস্ময়ে পূর্ণ হয়, ও আশ্চর্যের সঙ্গে তাদের ওপরে তাকায়। যীশু ত্রু(শারোপিত হয়েছিলেন, আর তাদের আশ্চর্যবোধ হয় শিষ্যরা কোথায় তাদের (মতা প্রাপ্ত হয়েছিল। যখন তিনি জীবিত ছিলেন তারা ভাবে যে তিনি তাঁর শিষ্যদের উদ্দেশে (মতার অংশদান করেন(যখন যীশু মারা যান, তারা প্রত্যাশা করে ঐ চিহ্(কার্যগুলি শেষ হবে। পিতর তাদের হতবুদ্ধিতা বুঝতে পারেন, ও তাদের উদ্দেশে বলেন, হে ইস্রায়েলীয় লোকেরা, এই ব্যক্তি(র বিষয়ে কেন আশ্চর্য জ্ঞান করিতেছ? অথবা আমরাই যে নিজ শক্তি(বা ভক্তি(গুণে ইহাকে চলিবার শক্তি(দিয়াছি, ইহা মনে করিয়া কেনই বা আমাদের প্রতি একদৃষ্টে চাহিয়া রহিয়াছে? আব্রাহামের, ইস্হাকের ও যাকোবে ঈ(রের আমাদের পিতৃপু(যদের ঈ(র, আপনার দাস সেই যীশুকে গৌরাবান্বিত করিয়াছেন, যাঁহাকে তোমরা শত্রুহস্তে সমর্পণ করিয়াছিলে এবং পীলাত যখন তাঁহাকে ছাড়িয়া দিতে স্থির করিয়াছিলেন, তখন তাঁহার সা(াতে তোমরা অস্বীকার করিয়াছিলে। তোমরা সেই ধর্মময় ব্যক্তি(কে অস্বীকার করিয়াছিলে, এবং চাহিয়াছিলে, যেন তোমাদের জন্য এক নরঘাতককে দেওয়া হয়, কিন্তু তোমরা জীবনের আদিকর্তাকে বধ করিয়াছিলে(তাঁহাকে ঈ(র মৃতগণের মধ্য হইতে উঠাইয়াছেন, আমরা ইহার সা ী। পিতর তাদেরকে বলেন যে সে ছিল যীশুতে বি(াস যা এক ব্যক্তি(র সম্পূর্ণ সুস্থতা ঘটিয়েছে পূর্বে যে খঞ্জ ছিল।

প্রধান পুরোহিত ও প্রাচীনেরা এই কথাগুলি সহ্য করতে পারে না। তারা শিষ্যদেরকে পাকড়াও করে ও কারাগারে রাখে। তবে হাজার হাজার লোক মনপরিবর্তন করে, ও শিষ্যদের কাছ থেকে একটিমাত্র বক্তৃ(তার দ্বারা খৃষ্টের পুন(থান ও স্বর্গরোহনে বি(াস করে। প্রধান পুরোহিত ও প্রাচীনেরা উদ্বিগ্ন হয়। তারা যীশুকে হত্যা করেছিল যাতে লোকদের মন তাদের নিজেদের দিকে ফেরে(কিন্তু ব্যাপারটি এ(ণে পূর্বের চেয়ে খারাপ ছিল। ঈ(রের পুত্রের হত্যাকারীরূপে তারা প্রকাশ্যে শিষ্যদের দ্বারা অভিযুক্ত(হয়, আর তারা নির্ণয় করতে পারে না এই বিষয়গুলি কিরূপ বিস্তার লাভ করতে পারে, কিম্বা লোকদের দ্বারা তারা কিরূপে বিবেচিত হবে। তারা সানন্দে শিষ্যদেরকে মেরে ফেলতে পারতো(কিন্তু এই ভয়ে তা পারে না যে লোকেরা তাদেরকে পাথর মারবে। তারা শিষ্যদেরকে ডেকে পাঠায়, যাদেরকে মন্ত্রণা সভার সা(াতে আনা হয়। ঠিক সেই লোকেরা যারা সেই ধর্মময় ব্যক্তি(র রক্তে(র জন্যে ব্যগ্রভাবে চিৎকার করে সেখানে ছিল। শাপান্ত ও শপথবাক্যের সঙ্গে, যীশুকে পিতরের অস্বীকারের কথা তারা শুনেছিল, যেমন তিনি তাঁর শিষ্যদের একজনকে বলে অভিযুক্ত(হন। তারা পিতরকে ভয়প্রদর্শনের কথা ভাবে(কিন্তু এ(নে তিনি মনপরিবর্তিত ছিলেন। যীশুকে প্রসংশা করার এক সুযোগ পিতরকে এখানে প্রদত্ত হয়। তিনি একবার তাঁকে অস্বীকার করেন(কিন্তু এ(ণে তিনি সেই অবিবেচক কাপু(ষ অস্বীকার ও কলঙ্ক সরিয়ে ফেলতে পারতেন ও সেই নামের মর্যাদা দিতে পারতেন, যা তিনি অস্বীকার করেছিলেন। তখন পিতরের বে(কোনো কাপু(ষ ভয় প্রভুত্ব করে না(প্রচন্ড পবিত্র সাহসিকতার সঙ্গে ও পবিত্র আত্মার নামে, তিনি নির্ভয়ে তাদের কাছে বিবৃতি দেন যে সেই নাসরতীয় যীশু খৃষ্টের দ্বারা, যাকে তোমরা ত্রু(শে দেও, যাঁকে ঈ(র মৃতগণের মধ্যে হতে উঠিয়াছেন, কেবল তাঁর গুণে এই লোকটি তোমাদের সা(াতে সুস্থ হয়ে দাঁড়িয়ে আছে। তিনিই সেই প্রস্তর যা গাঁথকেরা, তোমরা, তো মাদের দ্বারা অবজ্ঞাত হয়েছিল যা কোনের প্রস্তর হয়ে উঠল। আর অন্য কারো কাছে পরিত্রাণ নাই, কেননা আকাশের নীচে মনুষ্যদের মধ্যে দত্ত এমন আর কোনো নাম নাই, যে নামে আমাদেরকে পরিত্রাণ পেতে হবে।

পিতর ও যোহনের সাহস দেখে লোকেরা আশ্চর্য জ্ঞান করে। তারা চিনতে পারে যে এরা যীশুর সঙ্গে ছিলেন(কারণ তাদের উদারচেতা, নির্ভীক আচরণ ভালভাবেই যীশুর হাবভাবের সঙ্গে তুলনা হয় যখন তিনি তাঁর হত্যাকারীদের দ্বারা তাড়িত হন। যীশু ক(ণা ও দুঃখের একটি মাত্র দৃষ্টির দ্বারা, পিতরকে ভৎর্সনা করেন তিনি যখন তাঁকে অস্বীকার করেছিলেন তার পরে, আর এ(ণে যেমন তিনি নির্ভয়ে তার প্রভুকে স্বীকার করেন, পিতর অনুমোদিত ও আশীর্বাদযুক্ত(হন। যীশুর অনুমোদনের এক প্রতীক রূপে, তিনি পবিত্র আত্মার দ্বারা পূর্ণ হন।

শিষ্যদের প্রতি তারা যে বিদ্বেষ অনুভব করে প্রধান পুরোহিতেরা তা প্রকাশ করতে সাহস পায় না। পরে উহাঁদিগকে সভা হইতে বাহিরে যাইতে আজ্ঞা দিয়া তাঁহারা পরস্পর এই পরামর্শ করতে লাগিলেন, এই লোকদের প্রতি আমরা কি করি? কেননা উহাদের কর্ত্তৃক যে একটা প্রসিদ্ধ চিহ্(-কার্য্য সম্পন্ন হইয়াছে, তাহা যি(শালেম-নিবাসী সকলের নিকটে প্রকাশিত আছে, এবং আমরা তাহা অস্বীকার করিতে পারি না। এই ভাল কাজ ছড়িয়ে যাওয়ার বিষয়ে তারা শঙ্কিত হয়। যদি তা ছড়ায়, তাদের (মতা নষ্ট হবে, ও যীশুর হত্যাকারীরূপে তাদের দিকে তাকানো হবে। কেবল যা করতে তারা সাহস পায় তা হচ্ছে তাদেরকে ভয় প্রদর্শন করা ও তাদেরকে আদেশ করা যে যীশুর নামে যেন তারা আর কথা না বলেন পাছে তারা মারা পড়েন। কিন্তু পিতর সাহসের সঙ্গে বিবৃতি দেন যে তারা যা দেখেছিলেন ও শুনেছিলেন তা না বলে তারা থাকতে পারেন না।

যীশুর (মতার দ্বারা শিষ্যরা তাদের প্রত্যেকে সুস্থ করা চালিয়ে যান যারা তাদের কাছে আনীত হয়। মহাযাজকেরা ও প্রাচীনেরা, ও যারা বিশেষভাবে তাদের সঙ্গে ব্যাপৃত ছিল, উদ্বিগ্ন হয়। শত শত লোক প্রতিদিন এক ত্রু(শারোপিত, পুন(থিত ও স্বর্গরোহণকারী ত্রাণকর্তার

পতাকা তলে নাম লেখায়। শিষ্যদেরকে তারা কারাগারে আবদ্ধ করে ও আশা করে উত্তেজনা প্রশমিত হবে। শয়তান সফল হয়, আর মন্দ দূতগণ উল্লসিত হয়(তবে ঈশ্বরের দূতগণ প্রেরিত হন ও কারাগারের দ্বারগুলি খুলে দেন, আর মহাযাজক ও প্রাচীনদের আদেশের বি(দ্ধে, ও এই জীবনটির বাক্যসমূহ বলতে তাদেরকে মন্দিরে যাবার নির্দেশ দেন। মন্ত্রণাসভা একত্রিত হয় ও তাদেরকে মন্দিরে ডেকে পাঠায়। আধিকারিকেরা বন্দিশালার দ্বারগুলি উন্মুক্ত(করে, কিন্তু যে বন্দিদের তারা অন্বেষণ করে তারা তথায় ছিলেন না। তারা যাজক ও প্রাচীনদের কাছে ফিরে যায়, ও তাদের উদ্দেশে বলে, আমরা দেখিলাম কারাগারে সুদৃঢ়রূপে বন্ধ, দ্বারে দ্বারে র(কেরা দাঁড়াইয়া আছে, কিন্তু দ্বার খুলিলে ভিতরে কাহাকেও পাইলাম না। ইতিমধ্যে কোন ব্যক্তি(আসিয়া তাহাদিগকে এই সংবাদ দিল দেখুন, আপনারা যে লোকদিগকে কারাগারে রাখিয়াছিলেন, তাহারা ধর্ম্মধামে দাঁড়াইয়া আছে, ও লোকদিগকে উপদেশ দিতেছে। তখন সেনাপতি পদাতিকদিগকে সঙ্গে করিয়া তথায় গিয়া তাঁহাদিগকে আনিলেন, কিন্তু বলের সহিত নয়, কেননা তাহারা লোকদিগকে ভয় করিলেন, পাছে লোকে তাহাদিগকে পাথর মারে। পরে তাহারা তাঁহাদিগকে আনিয়া মহাসভার মধ্যে দাঁড় করাইলেন, আর মহাযাজক তাহাদিগকে জিজ্ঞাসা করিলেন, বলিলেন, আমরা তোমাদিগকে এই নামে উপদেশ দিতে দৃঢ়রূপে নিষেধ করিয়াছিলাম(তথাপি দেখ, তোমরা আপনাদের উপদেশে ফিরূশালেম পরিপূর্ণ করিয়াছ, এবং সেই ব্যক্তি(র রক্ত(আমাদের ওপরে বর্তাইতে মনস্থ করিয়াছ।

তারা কপটী ছিল। ঈশ্বরকে তারা যত না ভালবাসতো মনুষ্যদের প্রশংসা তারা তার চেয়ে বেশী ভালবাসতো। তাদের হৃদয় কঠিন হয়েছিল, আর শিষ্যদের দ্বারা কর্মসিদ্ধ সবচেয়ে পরাত্র(মী কার্যগুলি শুধু তাদেরকে ত্রু(দ্ধ করে। তারা জানতো যে যদি শিষ্যরা যীশুকে, তাঁর ত্রু(শারোপণ পুন(খান ও স্বর্গারোহণ প্রচার করেন, তা তাদের ওপরে অপরাধ সংলগ্ন করবে, ও তার হত্যাকারীরূপে তাদেরকে ঘোষণা করবে। তারা যীশুর রক্ত(প্রাপ্ত হতে তেমন ইচ্ছুক ছিল না যেমন যখন তারা তীব্রভাবে চিৎকার করে, তাঁর রক্ত(আমাদের ওপরে, ও আমাদের সন্তানদের ওপরে বতুর্ক।

শিষ্যরা সাহসের সঙ্গে বিবৃত করেন যে মনুষ্যদের অপে(া বরং ঈশ্বরের আজ্ঞা পালন করিতে হইবে। পিতর বলেন, আমাদের পিতৃপু(যদের ঈশ্বর সেই যীশুকে উত্থাপন করিয়াছেন, যাঁহাকে আপনারা গাছে টাঙ্গাইয়া বধ করিয়াছিলেন, আর তাঁহাকেই ঈশ্বর অধিপতি ও ত্রাণকর্তা করিয়া আপন দ(িণ হস্ত দ্বারা উন্নত করিয়াছেন, যেন ইস্রায়েলকে মনপরিবর্তন ও পাপমোচনে দান করেন। এই সকল বিষয়ে আমরা সা(ী, এবং যে আত্মা ঈশ্বর আপন আজ্ঞাবহদিগকে দিয়াছেন, সেই পবিত্র আত্মাও সা(ী। তখন সেই হত্যাকারীরা ত্রু(দ্ধ হয়। শিষ্যদেরকে হত্যা করার দ্বারা তারা আবার রক্তে(তাদের হাত সিক্ত(করার মনস্থ করে। এটা কি করে করা যায় তারা তার পরিকল্পনা করছিল, যখন ঈশ্বরের কাছ থেকে একজন দূত প্রধান পুরোহিত ও অধ্য(দেরকে উপদেশ দিতে তার হৃদয়ের ওপরে পরিবর্তন করতে গমলীয়েলের কাছে পাঠানো হয়। গমলীয়েল বলেন, সেই লোকদের বিষয়ে তোমরা কি করিতে উদ্যত হইয়াছ, তদ্বিষয়ে সাবধান হও। তোমরা এই লোকদের হইতে (ান্ত হও, তাহাদিগকে থাকিতে দেও(কেননা এই মন্ত্রণা কিম্বা এই ব্যাপার যদি মনুষ্য হইতে হইয়া থাকে, তবে লোপ পাইবে(কিন্তু যদি ঈশ্বর হইতে হইয়া থাকে, তবে তাহাদিগকে লোপ করা তোমাদের সাধ্য নয়, কি জানি, দেখা যাইবে যে, তোমরা ঈশ্বরের সহিত যুদ্ধ করিতেছ। মন্দ দূতেরা পুরোহিত ও প্রাচীনদের ওপরে বিচলিত করছিল শিষ্যদের মেরে ফেলতে(কিন্তু তাদের আপন শ্রেনীতে শিষ্যদের অনুকূলে একটি কণ্ঠ উৎপন্ন করার দ্বারা, তা নিবারণ করতে ঈশ্বর তাঁর দূত প্রেরণ করেন।

শিষ্যদের কার্য সমাপ্ত হয় নি। যীশুর নামের সম্বন্ধে সা(্য দিতে ও যে বিষয়সমূহের উদ্দেশে, যা তারা দেখেছিলেন ও শুনেছিলেন, সা(্য দিতে তাদেরকে রাজাদের সা(াতে দাঁড়াতে হবে। তবে শিষ্যদেরকে যে তারা ছেড়ে দেবে তার পূর্বে তারা প্রেরিতগণকে কাছে ডাকিয়া প্রহার করিলেন, এবং যীশুর নামে কোন কথা কহিতে নিষেধ করেন। তখন তাহারা মহাসভার সম্মুখ হইতে চলিয়া গেলেন, আনন্দ করিতে করিতে গেলেন, কারণ তাঁহারা সেই নামের জন্য অপমানিত হইবার যোগ্য পাত্র গণিত হইয়াছিলেন। আর তাঁহারা প্রতিদিন ধর্ম্মধামে ও বাটীতে যেখানেই নিমন্ত্রিত হইতেন, উপদেশ দিতেন। ঈশ্বরের বাক্য উন্নত হয়, বৃদ্ধি পায়। যখন তারা ঘুমোয় শিষ্যরা যীশুকে চুরি করে, এই মিথ্যেটি বলতে রোমীয় চৌকিকে ভাড়া করতে শয়তান প্রধান পুরোহিত ও প্রাচীনদের ওপরে প্রভাব খাটায়। এই মিথ্যের মাধ্যমে তারা তথ্যসমূহ লুকোবার আশা করে(কিন্তু দেখ, যীশুর পুন(খানের জোরালো প্রমাণসমূহ তাদের চারিদিকে উৎপন্ন হচ্ছিল। শিষ্যরা সাহসের সঙ্গে তা বিবৃত করেন, আর সে বিষয়গুলির প্রতি সা(্য দেন যা তারা দেখেছিলেন ও শুনেছিলেন, আর যীশুর নামের মাধ্যমে তারা পরাত্র(মী চিহ্(কার্যসমূহ সাধন করেন। তারা সাহসের সঙ্গে তাদের ওপরে যীশুর রক্ত(আরোপ করেন যারা তা গ্রহণ করতে অমন ইচ্ছুক ছিল, যখন ঈশ্বরের পুত্রের ওপরে (মতা রাখতে তাদেরকে দেয়া হয়। আমি দেখি যে ঈশ্বরের দূতেরা এক বিশেষ তত্বাবধান রাখতে, ও পবিত্র, জ(রী সত্যসমূহ র(া করতে ভারার্পিত হন যা প্রতিটি প্রজন্ম ব্যাপী খৃষ্টের শিষ্যদেরকে এক ভরসাস্থলরূপে ধরে রাখতে কাজ করবে।

পবিত্র আত্মা বিশেষভাবে প্রেরিতদের ওপরে স্থিতি করেন, যারা যীশুর ত্রু(শারোপণ, পুন(খান ও স্বর্গরোহণের গুরত্বপূর্ণ সেই সত্যসমূহের সা(ী ছিলেন যা ইস্রায়েলের আশা হবে। তাদের একমাত্র আশারূপে সবাইকে জগতের ত্রাণকর্তার প্রতি তাকাতে হবে, ও সে পথে চলতে হবে যা যীশু তাঁর আপন জীবন উৎসর্গের দ্বারা উন্মুক্ত(করেন, আর ঈশ্বরের ব্যবস্থা পালন করতে হবে ও বাঁচতে হবে। সেই একই কার্য চালিয়ে যেতে, যা যিহূদীদেরকে তাঁকে ঘৃণা ও হত্যা করা ঘটিয়াছে, শিষ্যদেরকে (মতা দেয়ার যীশুর বিজ্ঞতা ও সদগুণ আমি দেখি। শয়তানের কার্যের ওপরে তাদেরকে (মতা দেয়া হয়েছিল। তারা সেই যীশুর নামে চিহ্(কার্য ও অদ্ভুত অদ্ভুত কার্য সম্পাদিত করেন, যিনি অবজ্ঞাত হন ও দুষ্ট হস্তসমূহের দ্বারা বিনষ্ট হন, এক দীপ্তির জ্যোর্তিমন্ডল যীশুর মৃত্যু ও পুন(খানের সময়ের সম্বন্ধে গুচ্ছবদ্ধ হয়ে, পবিত্র সত্যগুলিকে অমর করে যে তিনিই জগতের ত্রাণকর্তা ছিলেন।

প্রেরিত ৩-৫ অধ্যায়সমূহ দেখুন।

১৩শ অধ্যায়

স্তিফানের মৃত্যু

যিরূশালেমে প্রচুররূপে শিষ্যদের বৃদ্ধি হয়। আর ঈশ্বরের বাক্য ব্যাপিয়া গেল, আর যাজকদের মধ্যে বিস্তর লোক বিশ্বাসের বশবর্ত্তী হইল। আর স্তিফান অনুগ্রহে ও শক্তিতে পরিপূর্ণ হইয়া লোকদের মধ্যে মহা মহা অদ্ভুত লক্ষণ ও চিহ্ন-কার্য সাধন করিতে লাগিলেন। অনেকেই ক্রুদ্ধ ছিল কারণ যাজকেরা তাদের পরম্পরা থেকে, এবং বলিদান ও নৈবদ্যসমূহ থেকে বিমুখ হচ্ছিল, ও যীশুকে মহা বলিদান রূপে গ্রহণ করছিল। স্তিফান ঊর্দ্ধ হতে (মতার সাথে, যাজক ও প্রাচীনদেরকে ভর্ৎসণা করেন ও তাদের সাক্ষাতে যীশুকে প্রশংসিত করেন। কিন্তু তিনি যে বিজ্ঞতার ও যে আত্মার বলে কথা কহিতেছিলেন, তাহার প্রতিরোধ করিতে তাহাদের সাধ্য হইল না। তখন তাহারা কয়েক জনকে গড়িয়া লইল, আর ইহারা এই কথা কহিল, আমরা ইহাকে মোশির ও ঈশ্বরের বিদ্ধে নিন্দাবাদ করিতে শুনিয়াছি। তাহারা লোক সাধারণকে উত্তেজিত করিয়া তুলিল এবং স্তিফানকে আক্রমণ করিয়া ধরিল, এবং মিথ্যা সাক্ষী দাঁড় করাইয়া দিল, যাহারা কহিল এই ব্যক্তি কে পবিত্র স্থানের ও ব্যবস্থার বিদ্ধে কথা কহিতে শুনিয়াছি যে, নাসরতীয় যীশু এই স্থান ভাঙ্গিয়া ফেলিবে, এবং মোশি আমাদের কাছে যে সকল নিয়মপ্রনালী সমর্পণ করিয়াছেন, সে সকল পরিবর্ত্তন করিবে।

তখন যাহারা সভায় বসিয়াছিল তাহারা সকলে তাঁহার প্রতি একদৃষ্টে চাহিয়া দেখিল, তাঁহার মুখ স্বর্গদূতের মুখের তুল্য। তারা তার মুখমন্ডলে ঈশ্বরের মহিমা দেখে। বিশ্বাসে ও আত্মার পূর্ণ হয়ে তিনি উঠে দাঁড়ান, আর ভাববাদীগণ থেকে শুরু করে, তিনি তাদেরকে যীশুর আগমন, তাঁর ক্রুশারোহণ, তাঁর পুনরুত্থান ও স্বর্গারোহণ পর্যন্ত নিয়ে আসেন, ও তাদেরকে দেখান যে সদাপ্রভু হস্তনির্মিত মন্দিরসমূহে বাস করেন না। তারা মন্দিরের উপসনা করে। যদি ঈশ্বরের বিদ্ধে বলা হতো তার চেয়ে অধিকতর ঘৃনামিশ্রিত ক্রোধে তারা পূর্ণ হয় মন্দিরের বিদ্ধে বলা হলে। স্বর্গীয় ঘৃণামিশ্রিত ক্রোধে স্তিফান উত্তেজিত হন যেমন তিনি দুষ্ট হবার, ও হৃদয়ে অচ্ছিন্নত্বক হবার জন্যে তাদের বিদ্ধে চিৎকার করেন। তোমরা সবর্দা পবিত্র আত্মা প্রতিরোধ করিয়া থাক। তারা বাহ্যিক বিধিসমূহ পালন করে যখন তাদের হৃদয় নীতিহীন ও মারাত্বক মন্দে পূর্ণ। ভাববাদ্গিণকে উৎপীড়ন করায় তাদের পূর্ব-পুরুষদের নিষ্ঠুরতা এই বলে স্তিফান তাদের কাছে উল্লেখ করেন, তোমরা তাহাদ্গিকেই বধ করিয়াছিলে, যাঁহারা পূর্বের সেই ধর্ম্মময়ের আগমন জ্ঞাপন করিতেন, যাঁহাকে সম্প্রতি তোমরা শত্রু হস্তে সমর্পণ ও বধ করিয়াছ।

প্রধান পুরোহিত ও প্রাচীনেরা ক্রোধিত হয় যেমন স্পষ্ট, উগ্র সত্যসমূহ বলা হয় আর তারা স্তিফানের দিকে দ্রুত এগিয়ে যায়। তার ওপরে স্বর্গের আলোক প্রকাশ পায়, আর যেমন তিনি একদৃষ্টে স্বর্গের পানে তাকান, ঈশ্বরের মহিমার এক দর্শন তাকে দেয়া হয়, আর দূতেরা তার উপরে ঘোরাফেরা করেন। তিনি উচ্চকণ্ঠে বলেন, দেখ আমি দেখিতেছি, স্বর্গ খোলা রহিয়াছে, এবং মনুষ্যপুত্র ঈশ্বরের দক্ষিণে দাঁড়াইয়া আছেন। লোকেরা তার কথা শুনবে না। তাহারা উচ্চৈঃস্বরে চেঁচাইয়া উঠিল, আপন আপন কর্ণ রুদ্ধ করিল এবং একযোগে তাঁহার উপরে গিয়া পড়িল আর তাঁহাকে নগর হইতে বাহির করিয়া পাথর মারিতে লাগিল। আর স্তিফান হাঁটু পাতিয়া উচ্চৈঃস্বরে কহিলেন, প্রভু, ইহাদের বিপক্ষে এই পাপ ধরিও না।

আমি দেখি যে স্তিফান ঈশ্বরের এক মহৎ ব্যক্তি ছিলেন, যাকে বিশেষভাবে উত্থাপন করা হয়েছিল মন্ডলীতে এক গুরুত্বপূর্ণ স্থান পূর্ণ করতে। শয়তান উল্লসিত হয় যেমন যেমন তাকে পাথর মেরে বধ করা হয় কারণ সে জানতো যে শিষ্যেরা তার (তি ভীষণভাবে অনুভব করবেন। তবে শয়তানের সাফল্য সংক্ষিপ্ত ছিল কারণ সেই দলটিতে একজন দাঁড়িয়ে থেকে স্তিফানের মৃত্যু স্বচক্ষে দেখছিলেন, যার কাছে যীশু আপনাকে প্রকাশিত করবেন। স্তিফানের প্রতি পাথর ছুঁড়তে যদিও তিনি কোনো অংশ নেন নি তথাপি তিনি তার মৃত্যুতে সম্মতি দেন। শৌল মন্ডলীকে অত্যাচার করতে অত্যন্ত আগ্রহশীল হয়ে, তাদের অনুসরণ করছিলেন, তাদেরকে তাদের ঘরে ঘরে পাকড়াও করছিলেন এবং তাদের কাছে তাদেরকে অর্পণ করছিলেন, যারা তাদেরকে বধ করে। শয়তান শৌলকে ফলপ্রদভাবে ব্যবহার করছিল। তবে ঈশ্বর শয়তানের (মতা চূর্ণ করতে পারেন, ও তাদেরকে মুক্ত করে দিতে পারেন যারা তার দ্বারা বন্দি হতে বাধ্য হয়। শৌল একজন পন্ডিত ব্যক্তি ছিলেন, আর ঈশ্বরের পুত্রের ও যারা তাঁকে বিশ্বাস করে তাদের বিদ্ধে তার বিদ্রোহ চালনা করতে সাফল্যের সঙ্গে তার প্রতিভাসমূহ প্রয়োগ করছিল। তবে তাঁর নাম প্রচার করতে তাদের কার্যে শিষ্যদেরকে সবল করতে যীশু শৌলকে একজন মনোনিত পত্র নির্বাচিত করেন। যিহূদীদের দ্বারা শৌল গুরুত্বপূর্ণভাবে সম্মানিত ছিলেন। তার উদ্যোগ ও তার পান্ডিত্য তাদেরকে সন্তুষ্ট করে, ও শিষ্যদের অনেককেই ভীষণভাবে শঙ্কিত করে।

প্রেতির ৬ ও ৭ অধ্যায় দেখুন।

১৪শ অধ্যায়

শৌলের মনপরিবর্তন

পু(ষ বা স্ত্রী যারা যীশুকে প্রচার করছিল তাদেরকে ধরতে, ও তাদেরকে বেঁধে যিরূশালেমে আনতে প্রাধিকারের চিঠি নিয়ে যেমন শৌল দম্মেশকে যাত্রা করেন, মন্দ দূতেরা তার আশেপাশে উল্লসিত হয়। তবে যেমন তিনি যাত্রা করেন, হঠাৎই স্বর্গ হতে এক আলোক তার চারিদিকে চমকে ওঠে ও মন্দ দূতগণের পলায়ন করায়, আর শৌলকে দ্রুত ভূমিতে পতিত করায়। এক কণ্ঠকে তিনি বলতে শোনেন, শৌল, কেন আমাকে তাড়না করিতেছ? শৌল জানতে চান, প্রভু, আপনি কে? আর প্রভু কহিলেন, আমি যীশু যাঁহাকে তুমি তাড়না করিতেছ। কন্টকের মুখে পদাঘাত করা তোমার দুষ্কর, আর শৌল কম্পিত কলেবরে ও বিস্ময়ে বলেন, প্রভু আমি কি করিব? আর প্রভু কহিলেন, উঠ নগরে প্রবেশ কর, তোমাকে কি করিতে হইবে, তাহা বলা যাইবে।

আর তাহার সহ-পথিকেরা অবাক হইয়া দাঁড়াইয়া রহিল, তাহারা ঐ বাণী শুনিল বটে, কিন্তু কাহাকেও দেখিতে পাইল না। যেমন আলোক সরে যায়, পরে শৌল ভূমি হইতে উঠিলেন, কিন্তু চ(মোলিলে পর কিছুই দেখিতে পাইলেন না। স্বর্গের আলোকের প্রতাপ তাকে অন্ধ করেছিল। আর তাহারা তাঁহার হস্ত ধরিয়া তাঁহাকে দম্মেশকে লইয়া গেল। আর তিনি তিন দিন পর্য্যন্ত দৃষ্টিহীন থাকিলেন, এবং কিছুই ভোজন, কি পান করিলেন না। প্রভু তখন তাঁর দূতকে ঠিক সেই ব্যক্তি(দের একজনের কাছে পাঠান যাকে শৌল বন্দি করবার আশা করেন, আর তাকে দর্শনযোগে বলেন যে তাকে সরল নামক পথে গিয়ে যিহূদার বাটিতে তার্ষ নগরীয় শৌলের অন্বেষণ করতে হবে। কেননা দেখ সে প্রার্থনা করিতেছে(আর সে দেখিয়াছে, অননিয় নামে এক ব্যক্তি(আসিয়া তাহার উপরে হস্তার্পণ করিতেছে, যেন সে দৃষ্টি পায়।

অননিয়ের শঙ্কা হয় এই ব্যাপারটিতে কোনো ভুল ছিল ও প্রভুর কাছে বর্ণনা করতে আরম্ভ করেন শৌলের বিষয়ে তিনি কি শুনেছিলেন। কিন্তু প্রভু আননিয়কে বলেন, তুমি যাও, কেননা জাতিগণের ও রাজগণের এবং ইস্রায়েল-সন্তানগণের নিকটে আমার নাম বহনার্থে সে আমার মনোনীত পাত্র(কারন আমি তাহাকে দেখাইয়া দিব, আমার নামের জন্য তাহাকে কত ক্লেশ ভোগ করিতে হইবে। তখন অননিয় চলিয়া গিয়া সেই বাটীতে প্রবেশ করিলেন, এবং তাঁহার উপরে হস্তার্পণ করিয়া কহিলেন, ভ্রাতঃ শৌল, প্রভু, সেই যীশু, যিনি তোমার আসিবার পথে তোমাকে দর্শন দিলেন, তিনি আমাকে প্রেরণ করিয়াছেন, যেন তুমি দৃষ্টি পাও এবং পবিত্র আত্মায় পরিপূর্ণ হও।

আর অমনি তিনি দৃষ্টি প্রাপ্ত হইলেন, এবং উঠিয়া বাপ্তাইজিত হইলেন। আর অমনি তিনি সমাজ-গৃহে যীশুকে এই বলিয়া প্রচার করিতে লাগিলেন যে, তিনিই ঈশ্বরের পুত্র। আর যাহারা তাঁহার কথা শুনিল, তাহারা সকলে চমৎকৃত হইল, বলিতে লাগিল এ কি সেই ব্যক্তি(নয় যে, এই নামে যাহারা ডাকে, তাহাদিগকে যিরূশালেমে উৎপাটন করিত, এবং এখানে এই জন্যই আসিয়াছিল, যেন তাহাদিগকে বন্ধন করিয়া প্রধান যাজকদের নিকটে লইয়া যায়? কিন্তু শৌল উত্তর উত্তর শক্তি(মান হইয়া উঠিলেন এবং যিহূদীদিগকে নি(ত্তর করিতে লাগিলেন। তারা আবার অসুবিধেয় পড়ে। পবিত্র আত্মার (মতায় শৌল তার অভিজ্ঞতা বলেন, যীশুর প্রতি শৌলের বিরোধিতা, ও তাঁর নামের ওপরে বি(াস করা সবাইকে খুঁজে বের করতে ও মৃত্যুর জন্যে অর্পণ করতে তার অত্যন্ত আগ্রহের বিষয়ে সকলেই পরিচিত ছিল। তার অলৌকিক মনপরিবর্তন অনেককেই বি(াসসিদ্ধ করে যে যীশুই ঈশ্বরের পুত্র ছিলেন। শৌল তার অভিজ্ঞতা বর্ণনা করেন, যে তিনিও এই পথের প্রতি উপদ্রব করিতেন, পু(ষ ও স্ত্রীলোকদিগকে বাঁধিয়া কারাগারে সমর্পণ করিতেন, আর যেমন তিনি দম্মেশকে যাত্রা করেন হঠাৎ আকাশ হতে মহা আলোক তার চারিদিকে চমকে ওঠে, ও যীশু আপনাকে তার কাছে প্রকাশ করেন, ও তাকে জানান যে তিনিই ঈশ্বরের পুত্র ছিলেন। যেমন শৌল সাহসের সঙ্গে যীশুকে প্রচার করেন, তিনি তার সঙ্গে এক জোরালো প্রভাব বহন করেন। শাস্ত্রকলাপের বিষয়ে তার জ্ঞান ছিল, আর তার মনপরিবর্তনের পরে যীশুর সম্পর্কে ভাববানী-সমূহের ওপরে এক ঐশ্বরিক আলোক প্রকাশিত হয়, যা সত্যকে স্পষ্ট ভাবে ও সাহসের সঙ্গে উপস্থাপন করতে, এবং শাস্ত্রলিপির কোনো বিকৃতিকে সংশোধন করতে তাকে স(ম করে। তার ওপরে ঈশ্বরের আত্মার স্থিতি নিয়ে তিনি এক স্পষ্ট ও ফলপদ উপায়ে তার শ্রোতাদেরকে ভাববানীগুলির মধ্য দিয়ে খৃষ্টের সময় পর্যন্ত নিয়ে যেতেন ও তাদের দেখাতেন যে সেই শাস্ত্রলিপি পূর্ণ হয়ে এসেছিল, যা খৃষ্টের দুঃখ, ভোগ-সমূহ, মৃত্যু ও পুন(থানের প্রতি উল্লেখ করে।

প্রেরিত ৯ অধ্যায় দেখুন।

১৫শ অধ্যায়

যিহূদীরা পৌলকে হত্যা করার সিদ্ধান্ত নেয়

প্রধান যাজকেরা ও প্রাচীনেরা পৌলের বি(দ্ধে বিদ্বেষে বিচলিত হয়। যেমন তারা তার অভিজ্ঞতা বর্ণনার প্রভাব স্বচ(দেখে, তারা দেখে যে তিনি সাহসের সঙ্গে যীশুকে প্রচার করেন, ও তাঁর নামে চিহ্(কার্য সাধন করেন, এবং জনতা তার কথায় কর্ণপাত করে ও তাদের পরম্পরা থেকে ফেরে ও ঈশ্বরের পুত্রের হত্যাকারী হবার জন্য তাদের ওপরে দৃষ্টিনি(প করে। তাদের ক্রো(ধ প্রজ্বলিত হয়, আর তারা পরামর্শ করতে একত্রিত হয় যে উত্তেজনা প্রশমিত করতে কি করা শ্রেয়। তারা একমত হয় যে তাদের জন্য একমাত্র নিরাপদ উপায় হচ্ছে পৌলকে হত্যা করা। কিন্তু ঈশ্বর তাদের অভিপ্রায় জানতেন, আর তাকে পাহারা করতে দূতগণকে ভারার্পণ করা হয়, যাতে তার উদ্দেশ্য পূর্ণ করতে ও যীশুর নামে যাতনাভোগ করতে তিনি বেঁচে থাকতে পারেন।

পৌলকে জ্ঞাত করা হয় যে যিহূদীরা তার জীবন নেবার চেষ্টা করছিল। দিবা ও রাত্রি দম্মেশকের ফাটক পাহারা দিতে শয়তান অবিশ্বাসী যিহূদীদেরকে চালিত করে, যাতে যেমন পৌল ফাটকগুলি দিয়ে পার হবেন, তারা তখুনি তাকে মেরে ফেলতে পারে। কিন্তু শিষ্যরা রাত্রিযোগে একটি ঝুড়িতে করে দেয়াল দিয়ে তাকে নামিয়ে দেন। এখানে যিহূদীদেরকে তাদের বিফলতার জন্য লজ্জিত করা হয়, ও শয়তানের অভিপ্রায় পরাজিত হয়। আর শিষ্যদের সঙ্গে নিজেকে যোগ দিতে পৌল যিরূশালেমে যান(তবে তারা সকলেই তার বিষয়ে ভীত ছিলেন। তারা বিশ্বাসই করতে পারেন না যে তিনি একজন শিষ্য ছিলেন। দম্মেশকে যিহূদীদের দ্বারা তার জীবনের খোঁজ করা হয়, আর তার আপন ভ্রাতৃগণ তাকে গ্রহণ করবেন না(তবে বার্নবা তাকে গ্রহণ করেন, ও তাকে প্রেরিতদের কাছে আনেন, ও তাদের কাছে বিবৃত করেন কিরূপে তিনি পথে প্রভুকে দেখেন, ও যে দম্মেশকে যীশুর নামে সাহসে প্রচার করেছিলেন।

পরন্তু পৌলকে বিনষ্ট করতে শয়তান যিহূদীদেরকে উত্তেজিত করছিল, আর যিরূশালেম ত্যাগ করতে যীশু তাকে নির্দেশ দেন। আর যেমন তিনি যীশুকে প্রচার করতে ও চিহ্(কার্য সাধন করতে অন্যান্য নগরে যান, অনেকেরই মনপরিবর্তন হয়, আর যেমন একটি লোক সুস্থ হয় সর্বদাই খঞ্জ ছিল সেই লোকেরা যারা প্রতিমাপূজক ছিল, তারা শিষ্যদের উদ্দেশে বলিদান করতে উদ্যত হয়। পৌল দুঃখিত হন, ও তাদেরকে বলেন যে তারা শুধু মনুষ্যই ছিলেন, আর তাদেরকে ঈশ্বরের ভজনা করতে হবে যিনি আকাশ ও পৃথিবী এবং সমুদ্র ও তন্মধ্যস্ত সকল বস্তু সৃষ্টি করেন। তাদের সা(াতে পৌল ঈশ্বরকে প্রশংসিত করেন(তবে তিনি কষ্টে লোকদেরকে নিবারণ করতে পারতেন। প্রকৃত ঈশ্বরে বিশ্বাসের প্রথম জ্ঞান, ও তার উদ্দেশে দেয় ভজনা ও সমাদর, তাদের মনে গঠিত হচ্ছিল, আর যেমন তারা পৌলের কথা শুনছিল, পৌলের অনুসরণ করে, তার মাধ্যমে সাধিত উত্তম কার্য নষ্ট করতে শয়তান অন্যান্য নগরের অবিশ্বাসী যিহূদীগণকে উত্তেজিত করে। যিহূদীরা উত্তেজিত হয় ও পৌলের বি(দ্ধে মিথ্যে রটনার দ্বারা ঐ পৌওলিকদের মনকে উত্তেজিত করে। লোকদের বিস্ময় ও শ্রদ্ধাভক্তি(এ(ণে বিদ্বেষে পরিবর্তিত হয়, আর তারা যারা কিয়দকাল পূর্বে শিষ্যদেরকে ভজনা করতে প্রস্তুত ছিল, পৌলকে পাথর মারে, এবং তিনি মরে গেছেন মনে করে, তাকে নগরের বাইরে টেনে নিয়ে যায়। কিন্তু যেমন শিষ্যরা পৌলের চারিপাশে দাঁড়িয়েছিলেন, ও তাকে নিয়ে শোক করছিলেন, তাদেরকে আনন্দিত করে তিনি জেগে ওঠেন, ও তাদের সঙ্গে নগরে যান।

যেমন পৌল যীশুকে প্রচার করেন দৈববাণী করা আত্মা প্রাপ্ত জনৈক স্ত্রীলোক, উচ্চকণ্ঠে এই বলে তাদের অনুসরণ করে, এই ব্যক্তি(গণ পরাৎপর ঈশ্বরের সেবক, যারা আমাদেরকে পরিত্রাণের উপায় দেখান। এভাবে সে বহুদিন ধরে শিষ্যদের অনুসরণ করে। কিন্তু পৌল ব্যথিত হন(কারণ তাদের সম্বন্ধে এই চিৎকার সত্য থেকে লোকদের মন অন্যমনস্ক করে। এটা করতে তাকে চালিত করতে শয়তানের অভিপ্রায় ছিল লোকদেরকে বিরাগ করার ও শিষ্যদের প্রভাব নষ্ট করার। কিন্তু তার মাঝে পৌলের আত্মা উত্তেজিত হয়, আর তিনি স্ত্রীলোকটির দিকে ফেরেন, ও আত্মাটির উদ্দেশে বলেন, তার মধ্য হতে বেড়িয়ে আসতে আমি তোমাকে যীশু খৃষ্টের নামে আদেশ করি, আর মন্দ আত্মা তিরস্কৃত হয়, ও তাকে ত্যাগ করে।

তার প্রভুগণ সন্তুষ্ট ছিল যে সে শিষ্যদের সম্বন্ধে চিৎকার করে(কিন্তু যখন মন্দ আত্মা তাকে ত্যাগ করেছিল , আর তারা দেখে সে খৃষ্টের এক নম্র শিষ্য হয়, তারা ক্রু(দ্ধ হয়। তার ভাগ্য-গণনার দ্বারা তারা প্রচুর অর্থ সংগ্রহ করেছিল, আর এ(ণে তাদের লাভের আসা চলে যায়। শয়তানের অভিপ্রায় পরাজিত হয়(তবে তার দাসেরা পৌল ও শীলকে ধরে ও তাদেরকে বাজার বসার স্থানে টেনে, অধ্য(দের কাছে নিয়ে যায়, ও শাসনকর্তাদের কাছে নিয়ে যায়, ও এরূপ চলে, এই ব্যক্তি(রা আমাদের নগর অতিশয় অস্থির করিয়া তুলিতেছে। তাহাতে লোকসমূহ তাহাদের বি(দ্ধে উঠিল এবং শাসনকর্তারা তাহাদের বস্ত্র খুলিয়া ফেলিয়া দিলেন, এবং তাঁহাদিগকে বেত্রাঘাত করিতে আজ্ঞা দিলেন। আর তাহাদিগকে বিস্তর প্রহার করাইলে পর কারাগারে নি(প করিলেন, সাবধানে র(া করিতে কারার(ককে আজ্ঞা দিলেন। এই প্রকারে আদেশ প্রাপ্ত হইয়া সে তাহাদিগকে ভিতর-কারাগারে বদ্ধ করিল, এবং তাহাদের পায়ে হাড়িকাঠ দিয়া রাখিল। কিন্তু ঈশ্বরের দূতগণ কারাগারের

প্রাচীরের মধ্যে তাদের সঙ্গ দেন। তাদের কারাবাস ঈশ্বরের গৌরবগাথা বর্ণনা করে, ও লোকদেরকে দেখায় যে ঈশ্বর কার্যটির মধ্যে, এবং তার মনোনীত সেবকদের সঙ্গে ছিলেন, আর যে কারাগারের প্রাচীর কম্পিত হতে পারে, ও শৃঙ্খল লৌহ অর্গল অনায়াসেই তাঁর দ্বারা খোলা যেতে পারে।

মধ্যরাত্রে পৌল ও সীল প্রার্থনা করিতে করিতে ঈশ্বরের উদ্দেশে স্তোত্র গান করিতেছিলেন, তখন হঠাৎ মহাভূমিকম্প হইল, এমন কি কারাগারের ভিত্তিমূল কাঁপিয়া উঠিল; আর আমি দেখি যে তখুনি ঈশ্বরের দূত প্রত্যেকের বন্ধন মুক্ত করেন। কারারক্ষক নিদ্রা হইতে জাগিয়া উঠিয়া ও কারাগারের দ্বার সকল খুলিয়া গিয়াছে দেখিয়া মনে করিল বন্দিগণ পলায়ন করিয়াছে, ও যে তাকে মৃত্যুর দ্বারা শাস্তি পেতেই হবে। যেমন সে আপনার প্রাণ নিতে উদ্যত হয়, পৌল উচ্চরবে ডাকিয়া কহিলেন, ওহে, আপনার হিংসা করিও না, কেননা আমরা সকলেই এই স্থানে আছি। ঈশ্বরের শক্তি কারারক্ষকে প্রমাণ প্রয়োগে বিশ্বাস জন্মায়। তখন সে আলো আনিতে বলিয়া ভিতরে দৌড়িয়া গেল, এবং ত্রাসে কাঁপিতে কাঁপিতে পৌলের ও শীলের সম্মুখে পড়িল; আর তাঁহাদিগকে বাহিরে আনিয়া বলিল, মহাশয়েরা, পরিত্রাণ পাইবার জন্য আমাকে কি করিতে হইবে? তাঁহারা কহিলেন, তুমি ও তোমার পরিবার প্রভু যীশুতে বিশ্বাস কর, তাহাতে পরিত্রাণ পাইবে। কারারক্ষক তখন সমস্ত পরিবারকে একত্রিত করে, আর পৌল তাদের কাছে যীশুকে প্রচার করেন। জেলরক্ষকের হৃদয় ঐ ভ্রাতৃগণের প্রতি সংযুক্ত হয়। সে তাদের প্রহারের স্থানগুলি ধৌত করে আর তার সমস্ত পরিবার সেই রাতে বাপ্তাইজিত হয়।

ঈশ্বরের গৌরবময় মতার অদ্ভুত খবর, যা কারাগারের দ্বারগুলি খুলতে ও কারারক্ষক ও তার পরিবারের মনপরিবর্তণ ও বাস্তিস্ম গ্রহণে প্রকাশিত হয়েছিল, চারিদিকে ছড়ায়। অধ্যক্ষরা এই বিষয়গুলি শোনে ও শঙ্কিত হয়, ও পৌল ও শীলকে ছেড়ে দিতে অনুরোধ করে, কারারক্ষকের কাছে লোক পাঠায়। কিন্তু পৌল এক গোপন উপায়ে কারাগার ত্যাগ করবেন না। তাহারা আমাদিগকে বিচারে দোষী না করিয়া সর্ব্বসাধারণের সাক্ষাতে প্রহার করাইয়া কারাগারে নিক্ষেপ করিয়াছেন। আমরা, রোমীয় লোক, এক্ষণে কি গোপনে আমাদিগকে বাহির করিয়া দিতেছেন? তাহা হইবে না, তাঁহারা নিজে আসিয়া আমাদিগকে বাহিরে লইয়া যান। পৌল ও শীল ইচ্ছা করেন না যে ঈশ্বরের মতার প্রকাশ গোপন থাকবে। তখন বেত্রধরেরা শাসনকর্তাদিগকে এই কথার সংবাদ দিল। তাহাতে তাঁহারা যে রোমীর, কথা শুনিয়া শাসনকর্তারা ভীত হইলেন, এবং আসিয়া তাঁহাদিগকে বিনতি করিলেন, আর বাহিরে লইয়া গিয়া নগর হইতে প্রস্থান করিতে অনুরোধ করিলেন।

প্রেরিত ১৪ ও ১৬ অধ্যায় দেখুন।

১৬শ অধ্যায়

পৌল যিরূশালেম পরিদর্শন করেন

পৌলের মনপরিবর্তণের অল্পকাল পরেই তিনি যিরূশালেম পরিদর্শন করেন, ও যীশুকে ও তাঁর অনুগ্রহের অদ্ভুত ঘটনা প্রচার করেন। তিনি তার অলৌকিক মনপরিবর্তন বর্ণনা করেন, যা যাজকদের ও অধ্য(দেরকে ত্র(দ্ধ করে, আর তারা তার জীবন নেবার চেষ্টা করে। কিন্তু যাতে তার জীবন র(া পেতে পারে, এক দর্শনে যীশু আবার তার কাছে আবির্ভূত হন, যখন তিনি প্রার্থনা করছিলেন, তাকে এরূপ বলেন, ত্বরায় যিরূশালেম ছেড়ে চলে যাও(কারণ আমার সম্পর্কে তোমার সা(্য তারা গ্রহণ করবে না। পৌল আগ্রহের সঙ্গে যীশুর সঙ্গে বাদানুবাদ করেন। প্রভু, তারা জানে যে তাদেরকে আমি প্রত্যেক সমাজগৃহে বন্দি করি ও প্রহার করি যারা আপনার ওপরে বি(শ্বাস করে। আর যখন আপনার শহীদ স্তিফানের রক্ত(ঝরে, আমিও পাশে দাঁড়িয়েছিলাম ও তার মৃত্যুর অভিপ্রায়ে সম্মতি দিচ্ছিলাম, ও তাদের বস্ত্র সংর(ণ করি যারা তাকে হত্যা করে। পৌল ভাবেন যিরূশালেমে যিহূদীরা তার সা(্য প্রতিরোধ করতে পারবে না(যে তারা বিবেচনা করবে যেন তার মাঝে এই মহা পরিবর্তন শুধু ঈ(শ্বরের (মতা দ্বারা সাধিত হতে পারে। কিন্তু যীশু তার উদ্দেশে বলেন, প্রস্থান কর, কারণ আমি তোমাকে দূরে পরজাতিয়দের কাছে প্রেরণ করবো।

যিরূশালেম থেকে পৌলের অনুপস্থিতিতে, বিভিন্ন স্থানের উদ্দেশে তিনি অনেক পত্র লিখে তার অভিজ্ঞতা বর্ণনা করেন, ও এক জোরালো সা(্য বহন করেন। কিন্তু অনেকেই সেই পত্রগুলির প্রভাব নষ্ট করতে কঠোর চেষ্টা করে। তাদের স্বীকার করতেই হয় যে তার পত্রগুলি গু(ত্বপূর্ণ ও ফলপদ ছিল(তবে বিবৃতি দেয় যে তার দৈহিক উপস্থিতি দুর্বল ও তার ভাষণ ঘৃণাই (নিকৃষ্ট) ছিল।

আমি দেখি যে পৌল ছিলেন এক বিখ্যাত পান্ডিত্যের লোক, আর তার জ্ঞান ও আচার-শিষ্টাচার তার শ্রোতাদেরকে জাদু করে। পন্ডিত লোকেরা তার জ্ঞান নিয়ে সন্তুষ্ট ছিল, ও তাদের অনেকে যীশুর উপরে বি(শ্বাস করে। যখন রাজাদের ও বড় সমারোহের সা(াতে, তিনি এমন বাগ্মিতা নিঃসারিত করবেন যা তার সা(াতে সবাইকে পরাভূত করে। এটা পুরোহিতদের ও প্রাচীনদের প্রচুররূপে ত্র(দ্ধ করে। পৌল তৎ(নাৎ গভীর যুক্তি(-বিচারে প্রবেশ করতে পারতেন, ও উচ্চে উঠতে আর লোকদেরকে তার সঙ্গে স্বপ(আনতে পারতেন, অতি উন্নত চিন্তার শ্রেণীতে, ও দৃষ্টিপথে ঈ(শ্বরের অনুগ্রহের গভীর ঐ(শ্বর্য আনতে পারতেন, ও তাদের সা(াতে খৃষ্টের চমৎকার প্রেম সুস্পষ্ট ভাষায় বর্ণনা করতে পারতেন। তারপরে সারল্যের সঙ্গে তিনি সাধরণ লোকদেরকে ধী-শক্তি(র পানে নেমে আসবেন, আর এক অতি জোরালো রীতিতে তার অভিজ্ঞতা বর্ণনা করবেন, যা খৃষ্টের শিষ্য হতে তাদের কাছ থেকে গভীর আগ্রহ প্রয়োগ করে।

প্রভু পৌলের কাছে প্রকাশ করেন যে যিরূশালেমে তাকে আবার যেতেই হবে(যে তিনি আবদ্ধ হলেও তাঁর নামের জন্যে দুঃখভোগ করবেন। আর যদিও তিনি এক বড় সময় ধরে বন্দি ছিলেন, তথাপি প্রভু তার মাধ্যমে তাঁর বিশেষ কাজ সমুখে চালিয়ে নিয়ে যাচ্ছিলেন। পৌলের বন্ধনগুলি ছিল খৃষ্টের জ্ঞান প্রসারের, এবং এভাবে ঈ(শ্বরকে গৌরবান্বিত করার উপায়সমূহ। যেমন তিনি তার পরী(ার জন্যে নগর থেকে নগরে প্রেরিত হন, যীশুর সম্পর্কে সা(্য এবং তার মনপরিবর্তণের চিত্তাকর্ষক ঘটনাবলি রাজাদের ও শাসনকর্তাদের সা(াতে বর্ণিত হয়, যাতে তারা যীশুর সম্পর্কে সা(্য বিহীন না থাকে। হাজার হাজার লোক তাঁর ওপরে বি(শ্বাস করে ও তাঁর নামে আনন্দিত হয়। আমি দেখি যে জলের ওপরে পৌলের যাত্রায় ঈ(শ্বরের বিশেষ অভিপ্রায় পূর্ণ হয়, যাতে জাহাজের নাবিকেরা পৌলের মাধ্যমে ঈ(শ্বরের (মতার সা(ী হতে পারে, ও অনেকে তাঁর শি(ার মাধ্যমে এবং যে চিহ্(কার্য তিনি সাধন করেন তা স্বচ(দেখার মাধ্যমে মনপরিবর্তিত হতে পারে। রাজাগণ ও শাসনকর্তারা তার যুক্তি(র দ্বারা মোহিত হয়, আর যেমন, আগ্রহের ও পবিত্র আত্মার (মতার সাথে তিনি প্রচার করেন ও তার অভিজ্ঞতার চিত্তাকর্ষক ঘটনাগুলি বর্ণনা করেন, বি(শ্বাসসিদ্ধি তাদের ওপরে সংলগ্ন হয় যে যীশুই ঈ(শ্বরের পুত্র ছিলেন(আর যখন অনেকে বিস্ময়ে চমৎকৃত হয় যেমন তারা পৌলের কথাগুলি শ্রবণ করে, একজন চিৎকার করে ওঠে, তুমি অল্পেই আমাকে খ্রীষ্টিয়ান করিতে চেষ্টা পাইতেছ। তবুও তারা ভাবে যে কোনো ভবিষৎ সময়ে তারা বিবেচনা করবে তারা যা শুনেছিল। শয়তান বিলম্বের বিশেষ সুযোগ নেয়। আর যেমন তারা সুযোগটির অবহেলা করে যখন তাদের হৃদয় নরম ছিল, তা ছিল চিরকালের জন্যে, তাদের হৃদয় কঠোর হয়।

আমাকে দেখানো হয় শয়তানের কার্য প্রথমে যিহূদীদের চোখ অন্ধ করায় যেন তারা যীশুকে তাদের ত্রাণকর্তারূপে গ্রহণ না করে(আর পরে তার পরাত্র(মী কার্যগুলির কারণে ঈর্ষার মাধ্যমে তাঁর জীবন বাসনা করে। শয়তান যীশুর আপন শিষ্যদের একজনের মধ্যে প্রবেশ করে, ও তাকে তাদের হস্তে প্রতারিত করতে চালিত করে, আর তারা জীবন ও মহিমার প্রভুকে ত্র(শে দেয়। যীশু মৃতগণের মধ্যে হতে ওঠার পরে, এক মিথ্যার উদ্দেশে সা(্য দিতে অর্থের জন্যে রোমীয় চৌকিকে ভাড়া করে যিহূদীরা পাপের সঙ্গে পাপ যোগ করে যেমন তারা পুন(থানের তথ্যটি লুকোবার চেষ্টা করে। কিন্তু যীশুর পুন(থান দ্বিগুণ নিশ্চিত করা হয় এক বহুসংখ্যক সা(ীর পুন(থানের দ্বারা যারা তাঁর সঙ্গে ওঠেন । যীশু তাঁর শিষ্যদের কাছে আবির্ভূত হন, একই সঙ্গে প্রায় পাঁচশত লোকের কাছে, যখন তারা যাদেরকে তিনি তাঁর সঙ্গে

উঠিয়ে আনেন অনেকের কাছে আবির্ভূত হয়ে বিবৃত করেন যে যীশু উঠেছিলেন।

তাঁর পুত্রকে গ্রহণ করতে অস্বীকার করার দ্বারা ও তাঁকে ক্র(শারোপিত করায় অতি বহুমূল্য রক্তে(র দ্বারা তাদের হস্ত কলঙ্কিত করায় শয়তান যিহূদীদেরকে ঈশ্বরের বি(দ্ধে বিদ্রোহ করা ঘটিয়েছিল। যীশুর ঈশ্বরের পুত্র হওয়ার, জগতের মুক্তি(দাতা হওয়ার, যেমন হওয়ার জোরালো প্রমাণই দেয়া হোক না কেন তাতে কিছু এসে যায় নি, তারা তাঁকে হত্যা করেছিল, ও তাঁর অনুকূলে কোনো প্রমাণ গ্রহণ করতে পারেনি। তার পতনের পরে শয়তানের ন্যায়, তাদের একমাত্র আশা ও সান্তনা ছিল, ঈশ্বরের পুত্রের বি(দ্ধে জয়ী হবার চেষ্টা করা। খৃষ্টের শিষ্যদেরকে তাড়না করার দ্বারা ও তাদেরকে মেরে ফেলার দ্বারা তারা তাদের বিদ্রোহ চালিয়ে যেতে থাকে। কিছুই তেমন কর্কশভাবে তাদের কর্ণে পতিত হয় নি, যেমনটি সেই যীশুর নাম যাকে তারা ক্রু(শে দিয়েছিল(আর তার অনুকূলে কোনো প্রমাণ না শোনাবার উদ্দেশে তারা দৃঢ়প্রতিজ্ঞ ছিল। যেমন স্তিফানের বেলায়, যেমন পবিত্র আত্মা তার মাধ্যমে তাঁর ঈশ্বরের পুত্র হবার জোরালো প্রমাণ বিবৃত করে, তারা তাদের কান বদ্ধ করে পাছে তারা দোষসিদ্ধ হয়। আর যখন স্তিফান ঈশ্বরের মহিমায় ঢাকা ছিলেন, তাকে তারা পাথর মেরে হত্যা করে। যীশুর হত্যাকারীদেরকে শয়তান দৃঢ়ভাবে তার কবলে রেখেছিল। দুষ্ট কার্যের দ্বারা তারা আপনাকে তার ইচ্ছুক প্রজা করে, আর তাদের মাধ্যমে খৃষ্টের বিশ্বাসীদেরকে কষ্ট দিতে ও উত্যক্ত(করতে শয়তান কার্যে রত ছিল। যীশুর নামের বি(দ্ধে, ও যারা তাঁকে অনুসরণ করে ও তার নামের ওপরে বিশ্বাস করে, তাদের বি(দ্ধে পরজাতিয়দেরকে উত্তেজিত করতে সে যিহূদীদের মাধ্যমে কাজ করে। কিন্তু তাদের কার্যের জন্যে শিষ্যদেরকে সবল করতে ঈশ্বর দূতগণকে প্রেরণ করেন, যাতে তারা সেই বিষয়গুলির সম্বন্ধে সা(্য দিতে পারেন যা তারা দেখেছিলেন ও শুনেছিলেন, ও অবশেষে তাদের দৃঢ়সংকল্পে, তাদের রক্ত(দিয়ে তাদের সা(্য মোহর লাগাতে পারেন।

শয়তান আনন্দিত হয় যে যিহূদীরা তার ফাঁদে সুরি(ত ছিল। তারা তাদের অর্থহীন আচার-অনুষ্ঠান, তাদের বলিদানাদি ও বিধিগুলি চালিয়ে যায়। যেমন যীশু ক্র(শের ওপরে ঝোলেন, ও চিৎকার করে তখনো বলেন, 'সমাপ্ত হইল', মন্দিরের তিরস্করিনী উপর থেকে নীচে মাঝামাঝি চিরে যায়, এটা চিহ্নি(ত করতে যে ঈশ্বর মন্দিরে যাজকদের সঙ্গে আর সা(াৎ করবেন না তাদের বলিদান ও বিধি গ্রহণ করতে, আর এটা দেখাতেও যে যিহূদী ও পরজাতিয়দের মধ্যে বিভাগের প্রাচীর ভেঙ্গে যায়। ঈশ্বের উভয়ের জন্যেই এক বলিদান করেন, আর যদি আদৌ র(া পায়, পাপের জন্যে একমাত্র বলিদানরূপে ও জগতের ত্রাণকর্তারূপে উভয়কে যীশুতেই বিশ্বাস করতে হবে।

যখন যীশু ক্রু(শের ওপরে ঝোলেন, যেমন সৈন্যরা তাঁর কুি(দেশে এক বর্শা দিয়ে বিদ্ধ করে, রক্ত(ও জল বেরিয়ে আসে। দুই স্পষ্ট ধারায়, একটি রক্তে(র, অপরটি স্বচ্ছ জলের। রক্ত(ছিল তাদের পাপ ধৌত করার যারা তাঁর নামে বিশ্বাস করবে। জল বর্ণনা করে সেই জীবন্ত জল যা বিশ্বাসীর উদ্দেশে জীবন দিতে যীশুর কাছ থেকে পাওয়া যায়।

মথি ২৭ ঃ ৫১(যোহন ১৯ঃ ৩৪(প্রেরিত ২৪ ও ২৬ অধ্যায় দেখুন।

১৭শ অধ্যায়

মহা ধর্মভ্রষ্টতা

আমাকে সেই সময়েতে নিয়ে যাওয়া হয় যখন বিধর্মী পৌত্তলিকেরা নিষ্ঠুরভাবে খৃষ্টানদেরকে তাড়না করে ও তাদেরকে বধ করে। রক্ত(বেগাবান প্রবাহে বহে। উদারচেতা (সম্ভ্রান্ত), পন্ডিত, ও সাধারণ লোকেরা নির্দয় ভাবে একই প্রকারে বধ হয়। বিত্তবান পরিবার সমূহকে দারিদ্রের অবস্থায় আনা হয় কারণ তারা তাদের ধর্ম ত্যাগ করবে না।

সেই খৃষ্টানেরা তাড়না ও দুঃখভোগ সহ্য করা সত্বেও, তারা আদর্শ নীচু করবে না। তারা তাদের ধর্ম বিশুদ্ধ রাখে। আমি দেখি যে ঈশ্বরের লোকদের কষ্টভোগের ওপরে শয়তান উল্লাসিত হয়। তবে ঈশ্বর তাঁর বিশ্বস্ত শহীদদের ওপরে মহা সমর্থণের সঙ্গে তাকান(কারণ তারা তাঁর উদ্দেশ্যে দুঃখভোগ করতে ইচ্ছুক ছিল। তাদের দ্বারা ভোগ করা প্রতিটি দুঃখ-কষ্ট স্বর্গে তাদের পুরস্কার বৃদ্ধি করে। তবে যদিও শয়তান আনন্দিত হয় যেহেতু ধার্মিকেরা দুর্দশাভোগ করে, তথাপি সে সন্তুষ্ট ছিল না। সে চায় মন তথা দেহের নিয়ন্ত্রণ। ঐ খৃষ্টানগণ যে কষ্টদুঃখ ভোগ করে তা তাদেরকে প্রভুর আরো নিকটে আকর্ষণ করে, ও পরস্পরকে প্রেম করতে চালিত করে, ও তাঁকে অসন্তুষ্ট করতে তাদেরকে আরো ভয় করা ঘটায়। শয়তান ইচ্ছে করে তারা ঈশ্বরকে অসন্তুষ্ট ক(ব(তাহলে তারা তাদের শক্তি(-সামর্থ, কষ্টসহিষ্ণু(তা ও দৃঢ়তা হারাবে। যদিও হাজার হাজার লোক বধ হয়, তথাপি তাদের স্থান পূরণ করতে অন্যেরা উৎপন্ন হচ্ছিল। শয়তান দেখে যে সে তার প্রজাদেরকে হারাচ্ছিল, যদিও তারা উৎপীড়ণ ও মৃত্যু ভোগ করছিল। তথাপি তারা যীশুর প্রতি সুর(ত ছিল, তাঁর রাজ্যের প্রজা হতে, আর অধিকতর সফলতার সঙ্গে ঈশ্বরের শাসনব্যবস্থার বি(দ্ধে লড়াই করতে, ও মন্ডলীকে পরাজিত করতে সে তার পরিকল্পনাগুলি স্থাপন করে। ঐ সব বিধর্মী পৌত্তলিকদেরকে সে আংশিক খৃষ্টীয় বিশ্বাস আগ্রহের সঙ্গে গ্রহণ করতে চালিত করে। হৃদয়ের এক পরিবর্তন ছাড়াই, তারা খৃষ্টের ত্রু(শারোহণ ও পুন(থানে বিশ্বাস প্রকাশ করে বলে স্বীকার করে, ও খৃষ্টের অনুগামীদের সঙ্গে সংযুক্ত(হবার অভিপ্রায় করে। হায় মন্ডলীর ভয়াবহ সঙ্কট! তা ছিল এক মানসিক নিদা(ণ মনস্তাপের সময়। কেউ কেউ মনে করে যে যদি তারা ঐ পৌত্তলিকদের সঙ্গে সংযুক্ত(হতে নেমে আসে যারা খৃষ্টিয়ান বিশ্বাসের অংশবিশেষ সাগ্রহে মেনে নিয়েছিল, তা তাদের মনপরিবর্তনের উপায় হবে। শয়তান বাইবেলের শি(া বিকৃত করার চেষ্টা করেছিল। অবশেষে আমি দেখি আদর্শ নীচু হয়, আর বিধর্মীরা খৃষ্টানদের সঙ্গে মিলিত হয়। তারা প্রতিমাসমূহের ভজনাকারী থেকে এসেছিল, আর যদিও তারা খৃষ্টান হবার প্রকাশ্য স্বীকার করে, তারা তাদের সঙ্গে তাদের পৌত্তলিকতা নিয়ে আসে। তারা শুধু সাধুদের মূর্তিগুলির উদ্দেশে ও এমন কি খৃষ্টের ও যীশুর মাতা মরিয়মের মূর্তির উদ্দেশে তাদের আরাধনার বস্তু পরিবর্তন করে। খৃষ্টানগণ ত্র(মে ত্র(মে তাদের সঙ্গে যুক্ত(হয় আর খৃষ্টীয় ধর্ম বিকৃত হয়, আর মন্ডলী তার বিশুদ্ধতা ও প্রভাব-কর্তৃত্ব হারায়। কেউ কেউ তাদের সঙ্গে মিলিত হতে অস্বীকার করে ও তাদের বিশুদ্ধতা র(া করে, ও শুধু ঈশ্বরের ভজনা করে। তারা উর্দ্ধে স্বর্গে, নীচে পৃথিবীতে কোনো কিছুর মূর্তির উদ্দেশে নত হবে না।

এত অধিকজনের পতনে শয়তান উল্লসিত হয়(আর তখন সে তাদের ওপরে পতিত মন্ডলিকে উত্তেজিত করে যারা তাদের ধর্মের বিশুদ্ধতা সংর(ণ করবে, হয় তাদের আচার-অনুষ্টানের প্রতি স্বীকৃতি দিতে, নতুবা তাদের মৃত্যু প্রদান করতে। তাড়নার অগ্নি আবার যীশু খৃষ্টের সত্য মন্ডলীর বি(দ্ধে প্রজ্বলিত হয়, আর অযুত অযুতের সংখ্যায় দয়াহীন ভাবে বধ হয়।

তা পরবর্তী রীতিতে আমার সা(াতে উপস্থাপিত হয়(বিধর্মী পৌত্তলিকদের এক বৃহৎ দল এক কালো পতাকা বহন করে যার ওপরে সূর্য, চন্দ্র, ও তারাসমূহের নকশা। দলটিকে খুবই ভয়ানক ও ত্রু(দ্ধ মনে হয়। আমাকে এরপরে দেখানো হয় আরেকটি দল যা এক বিশুদ্ধ শুভ্র পতাকা বহন করছে। আর তার ওপরে লেখা ছিল, প্রভুর প্রতি নির্মলতা ও পবিত্রতা। তাদের মুখমন্ডলের ওপরে চিহ্নি(ত ছিল দৃঢ়তা ও স্বর্গীয় বশবর্তীতা। আমি দেখি বিধর্মী পৌত্তলিকেরা তাদের দিকে অগ্রসর হয়, আর এক মহা সংহার হয়। খৃষ্টানেরা তাদের সা(াতে দ্রবীভূত হয়(আর তবুও খৃষ্টীয় দলটি অধিকতর ঘনিষ্টভাবে সমুখে অগ্রসর হয়, ও পতাকাটি আরো দৃঢ়ভাবে চেপে ধরে। যেমন অনেকে পতিত হয়, অন্যেরা পতাকার চারিদিকে পুনরায় একত্রিত হয় ও তাদের স্থান পূরণ করে।

আমি দেখি পৌত্তলিকদের দলটিকে, একত্রে পরামর্শ করছে। খৃষ্টানদেরকে সমর্পণ করাতে তারা বিফল হয়, আর তারা আরেকটি পরিকল্পনায় একমত হয়। আমি দেখি তারা তাদের পতাকা নীচু করে, আর তারা সেই দৃঢ় খৃষ্টীয় পতাকার দিকে যায়, আর তাদের উদ্দেশে প্রস্তাব দেয়। প্রথমে প্রস্তাবগুলি একেবারে অস্বীকৃত হয়। তারপরে আমি দেখি খৃষ্টীয় দলটি একত্রে পরামর্শ করে। কেউ কেউ বলে যে তারা পতাকা নীচু করবে, প্রস্তাবগুলি গ্রহণ করবে, ও তাদের জীবন র(া করবে, আর অবশেষে তারা ঐ বিধর্মী পৌত্তলিকদের মাঝে তাদের

পতাকা উত্তোলন করতে সামর্থ লাভ করবে। কিন্তু কেউ কেউ এই পরিকল্পনার প্রতি সমর্পিত হবে না, কিন্তু তাদের পতাকাটি চেপে ধরে, বরং তা নীচু করার চেয়ে মরতে মনোনয়ন করে। তখন আমি দেখি সেই খৃষ্টীয় দলটির অনেকে পতাকাটি নীচু করে, ও বিধর্মীদের সঙ্গে মিলিত হয়(যখন দৃঢ় ও স্থির সংকল্প লোকেরা তাদের পতাকা জাপটে ধরে, ও তা আবার উঁচু করে বহন করে। আমি দেখি ব্যক্তি(বিশেষ অবিরত ঐ দলটি ত্যাগ করে যারা নির্মল পতাকা বহন করে, ও পৌত্তলিকদের সঙ্গে মিলিত হয়, আর তারা কালো পতাকার নীচে একত্রিত হয়, যারা শুভ্র পতাকা বহন করছে তাদের তাড়না করতে(আর অনেকেই বধ হয়, তবুও শুভ্র পতাকাটি উঁচু করে তুলে ধরা হয়, আর ব্যক্তি(বিশেষেরা উৎপন্ন হয় আবার তার চারিপাশে একত্রিত হতে।

সেই যিহূদীরা যারা যীশুর বি(দ্ধে বিধর্মীদের ত্রে(াধ উৎপন্ন করে, রেহাই পাবে না। বিচার ক(ে ত্রে(াধোন্মত্ত যিহূদীরা চেঁচিয়ে বলে, যেমন পীলাত যীশুকে দোষারোপিত করতে ইতস্ততঃ করে, ওঁর রক্ত(আমাদের ওপরে ও আমাদের সন্তানদের ওপরে বতুর্ক। যিহূদী বংশ এই ভয়ানক অভিশাপের পূর্ণতার অভিজ্ঞতালাভ করে যা তারা তাদের আপন আপন শিরে ডেকে আনে। বিধর্মীরা ও যাদেরকে খৃষ্টান বলা হয় সমভাবে তাদের শত্রু ছিল। ঐ সব ঘোষিত খৃষ্টানেরা, খৃষ্টের ক্র(ুসের প্রতি তাদের আবেগপূর্ণ আগ্রহে, যেহেতু যিহুদীরা খৃষ্টকে ক্র(ুশে দেয়, মনে করে যে তাদের ওপরে তারা যত অধিক কষ্টভোগ আনতে পারবে তত বেশী করে তারা ঈ(্বরকে সন্তুষ্ট করতে পারবে(আর ঐ অবি(্বাসী যিহূদীদের অনেকেই বধ হয়, যখন অন্যেরা স্থান থেকে স্থানান্তরে বিতাড়িত হয়, আর দন্ডিত হয় প্রায় সকল রীতিতে।

খৃষ্টের রক্ত(ও অন্যান্য শিষ্যদের, যাদের তারা মৃত্যুমুখে পতিত করেছিল তাদের রক্ত(, তাদের ওপরে ছিল ও তারা ভয়ানক শাস্তি দ্বারা দন্ডিত হয়। ঈ(্বরের অভিশাপ তাদের অনুসরণ করে, আর তারা বিধর্মীদের তথা খৃষ্টানদের কাছে এক কুখ্যাত বস্তু হয়। তাদেরকে বর্জন করা হয়, অবনমিত করা হয় ও অত্যন্ত ঘৃণা করা হয়, যেন কয়িনের কলঙ্কচিহ্(তাদের ওপরে ছিল। তথাপি আমি দেখি যে ঈ(্বর বিস্ময়করভাবে এই জাতিকে সংর(ণ করেন, আর তাদেরকে জগতে বরাবর ছিন্নভিন্ন করেছিলেন, যে তাদের ওপরে এমনভাবে তাকানো হয় যেন তারা বিশেষভাবে ঈ(্বরের কাছ থেকে এক অভিশাপদন্ডপ্রাপ্ত ছিল। আমি দেখি যে এক জাতিরূপে ঈ(্বর যিহূদীদেরকে ত্যাগ করেছিলেন, তথাপি তাদের এক অংশ ছিল যারা তাদের হৃদয় থেকে ছল খন্ডন করতে সমর্থ হবে। কেউ কেউ তবুও দেখবে তাদের সম্পর্কে ভাববানী পূর্ণ হয়ে এসেছে ও তারা যীশুকে জগতের ত্রাণকর্তারূপে গ্রহণ করবে, তাদের বংশের যীশুকে প্রত্যাখান করার ও তাঁকে ক্র(ুশে দেয়ার মহা পাপ দেখবে। যিহূদীদের মাঝে ব্যক্তি(বিশেষেরা মনপরিবর্তিত হবে(তবে জাতিরূপে তারা চিরতরে ঈ(্বরের দ্বারা পরিত্যক্ত(।

১৮শ অধ্যায়

অধর্ম্মের নিগূঢ়তত্ব

যীশুর কাছ থেকে মনকে মনুষ্যের দিকে আকর্ষিত করা ও ব্যক্তি(গত দায়বদ্ধতা বিনষ্ট করা সদাই শয়তানের অভিসন্ধি থেকে এসেছে। শয়তান তার অভিসন্ধিতে বিফল হয়, যখন সে ঈশ্বরের পুত্রকে পরী(া করে। সে অধিকতর ভালভাবে সফল হয় যেমন সে পতিত মানবের কাছে আসে। খৃষ্টানধর্ম্মের শি(া বিকৃত হয়। পোপেরা ও পুরোহিতের এক উন্নত পদমর্যাদা নেবার স্পর্দ্ধা করে, আর আপনাদের জন্যে খৃষ্টের দিকে তাকাবার পরিবর্তে তাদের পাপের (মার জন্যে তাদের দিকে তাকাতে লোকদেরকে তারা শি(া দেয়। তাদের কাছ থেকে বাইবেল সংর(ণ করা হয়, এই অভিপ্রায়ে যে সেই সত্য সমূহ গোপনে করা যায় যা তাদেরকে দোষারোপ করবে।

লোকেরা সম্পূর্ণরূপে প্রতারিত হয়। তাদেরকে শেখানো হয় যে পোপেরা ও পুরোহিতেরা খৃষ্টের প্রতিনিধি ছিল, যখন প্রকৃতপ(ে তারা ছিল শয়তানের প্রতিনিধি(আর যখন তারা তাদের উদ্দেশে প্রণিপাত করে, তারা শয়তানের আরাধনা করে। লোকেরা বাইবেল চায় (কিন্তু আপনাদের জন্যে ঈশ্বরের বাক্য তাদেরকে পড়তে দেয়া তারা বিপদজনক বিবেচনা করে, পাছে তারা আলোকপ্রাপ্ত হয়, ও তাদের পাপরাশি প্রকাশ পায়। এই প্রতারকদের প্রতি দৃষ্টি দিতে, ও তাদের কাছ থেকে প্রতিটি বাক্য গ্রহণ করতে যেন তা ঈশ্বরের মুখনির্গত ছিল, লোকদেরকে শেখানো হয়, মনের ওপরে তারা সেই (মতা দখল করে, যা ঈশ্বরের দখলে থাকা উচিত। আর যদি কেউ তাদের আপন বিশ্বাসসিদ্ধি অনুসরণ করার চেষ্টা করে, সেই একই বিদ্বেষ যা শয়তান ও যিহূদীরা যীশুর প্রতি প্রয়োগ করে, তাদের বি(দ্ধে প্রজ্বলিত হবে, আর যারা কর্তৃত্বে রয়েছে তাদের রক্তে(র লালসা করবে। আমাকে এক নির্দিষ্ট সময় দেখানো হয় যখন শয়তান বিশেষভাবে সাফল্য লাভ করে। প্রচুর সংখ্যায় খৃষ্টান বধ হয় এক ভয়াবহ রীতিতে যেহেতু তারা তাদের ধর্মের বিশুদ্ধতা সংর(ণ করবে।

বাইবেলকে ঘৃণা করা হয়, এবং ঈশ্বরের বহুমূল্য বাক্যের সম্বন্ধে পৃথিবীকে মুক্ত(করতে চেষ্টাসমূহ চালানো হয়। মৃত্যুর দায়ে বাইবেল পড়া নিষিদ্ধ করা হয়, আর পবিত্র গ্রন্থের সমস্ত প্রতিলিপি যা পাওয়া যায় পুড়িয়ে ফেলা হয়। কিন্তু আমি দেখি যে তাঁর বাক্যের জন্যে ঈশ্বরের এক বিশেষ যত্ন ছিল। তিনি তা র(া করেন। বিভিন্ন সময়ে বাইবেলের খুবই অল্প প্রতিলিপি অস্তিত্বে ছিল, তবুও ঈশ্বর তাঁর বাক্য হারিয়ে যাবার অনুমতি দেবেন না। আর শেষের দিনগুলিতে, বাইবেলের প্রতিলিপিগুলি এতই সংখ্যাধিক হবে যে প্রতিটি পরিবার তা ধারণ করতে পারবে। আমি দেখি যে যখন শুধু খুবই কমসংখ্যক বাইবেলের প্রতিলিপি ছিল, যীশুর অত্যাচারিত অনুগামীদের কাছে তা বহুমূল্য ও সান্ত্বনাদায়ক ছিল। তা অতি গোপন রীতিতে পঠিত হতো, ও যাদের এই মর্যাদাপূর্ণ বিশেষ সুযোগ ছিল, উপলব্ধি করে যে ঈশ্বরের সাথে, তাঁর পুত্র যীশুর সাথে, ও তাঁর শিষ্যদের সাথে তাদের এক সা(াৎকার ছিল। কিন্তু এই বিশেষ ধন্য সুযোগ তাদের অনেককে জীবন দিয়ে মূল্য দিতে হয়। প্রকাশিত হয়ে গেলে, পবিত্র বাক্য পড়া থেকে তাদেরকে কোপ মেরে কাটার বধ্য কাষ্ঠে, খোঁটায় কিম্বা বদ্ধ কারাগারে নিয়ে যাওয়া হয় অনাহারে মরবার জন্যে।

শয়তান পরিত্রাণের পরিকল্পনার গরিরোধ করতে পারে না। যীশু ক্র(শারোপিত হন, তৃতীয় দিনে আবার ওঠেন। তাঁর দূতগণকে তিনি বলেন যে এমন কি ক্রু(শারোপণ ও পুন(থান তাঁর প্রাধান্যের কথা বলবে। সে ইচ্ছুক ছিল যে যীশুতে যারা বিশ্বাস প্রকাশ করে তারা বিশ্বেষ করবে যে যিহূদী বলিদান ও নৈবদ্যসমূহ নিয়ন্ত্রণ করা ব্যবস্থাগুলি খৃষ্টের মৃত্যুতে শেষ হয়, যদি সে তাদেরকে আরো অধিকতরভাবে এগিয়ে দিতে পারে, ও তাদেরকে বিশ্বাস করাতে পারে যে দশ আজ্ঞার ব্যবস্থা খৃষ্টের সঙ্গে ধ্বংস হয়।

আমি দেখি যে অনেকেই ইচ্ছাপূর্বক শয়তানের এই অভিসন্ধিতে সমর্পিত হয়। সমগ্র স্বর্গ ঘৃণামিশ্রিত ত্রে(াধে বিচলিত হয়, যেমন তারা দেখে ঈশ্বরের পবিত্র ব্যবস্থা পদদলিত হয়। যীশু ও সমগ্র স্বর্গীয় বাহিনী ঈশ্বরের ব্যবস্থার প্রকৃতির সঙ্গে পরিচিত ছিলেন(তারা জানতেন যে ঈশ্বর তা পরিবর্তিত ও রদ করবেন না। মানবের আশাহীন অবস্থা স্বর্গে গভীরতম দুঃখ ঘটায় ও ঈশ্বরের পবিত্র ব্যবস্থার লঙ্ঘনকারীদের জন্যে মরবার প্রস্তাব করতে যীশুকে বিচলিত করে। যদি তাঁর ব্যবস্থা রদ করা যেত, মনুষ্য যীশুর মৃত্যু ছাড়া র(া পেতে পারতো। খৃষ্টের মৃত্যু তাঁর পিতার ব্যবস্থা বিনষ্ট করে নি(কিন্তু তা মর্যাদাসম্পন্ন ও সমাদৃত করে ও তার সমস্ত পবিত্র বিধিগুলির প্রতি আনুগত্য বলবৎ করে। মন্ডলী যদি বিশুদ্ধ ও দৃঢ় থাকা বজায় রাখতো, শয়তান তাদেরকে প্রতারিত করতে, ও ঈশ্বরের ব্যবস্থা পদদলিত করতে তাদেরকে চালিত করতে পারতো না। এই সাহসী পরিকল্পনায় শয়তান সোজাসুজি স্বর্গে ও পৃথিবীতে ঈশ্বরের শাসন-ব্যবস্থার বি(দ্ধে আঘাত করে। তার বিদ্রোহ তাকে স্বর্গ হতে বহিস্কৃত হওয়া ঘটায়। তার বিদ্রোহ করার পরে তাকে র(া করার অভিপ্রায়ে সে চায় ঈশ্বর তাঁর ব্যবস্থা পরিবর্তন ক(ন(কিন্তু সমগ্র স্বর্গীয় বাহিনীর সা(াতে ঈশ্বর শয়তানকে বলেন, যে তাঁর ব্যবস্থা ছিল অপরিবর্তনীয়। শয়তান জানে যে যদি সে অন্যদেরকে ঈশ্বরের ব্যবস্থা লঙ্ঘন করা ঘটাতে পারে সে তাদের বিষয়ে নিশ্চিত(কারণ তাঁর ব্যবস্থার প্রত্যেক লঙ্ঘনকারী অবশ্যই মরবে।

শয়তান আরো অধিকতর দূরে যাবার মনস্থ করে। সে তার দূতগণকে বলে যে কেউ কেউ ঈশ্বরের ব্যবস্থার বিষয়ে এতই সন্দিগ্ধচিত্তে সর্তক হবে যে তারা এই ফাঁদে ধরা দেবেন না(যে দশ আজ্ঞা এতই সরল ছিল যে অনেকেই বিশ্বাস করবে যে সেগুলি তখনো অবশ্য-পালনীয়(তাই সেই তাকে চতুর্থ আজ্ঞাটিকে বিকৃত করার চেষ্টা করতে হবে যা জীবন্ত ঈশ্বরকে দৃষ্টিপথে আনে। বিশ্রামদিনটিকে পরিবর্তন করা চেষ্টা

করতে সে তার প্রতিনিধিগণকে চালিত করে, দশের একমাত্র আজ্ঞাকেপরিবর্তন করে যা সত্য ঈশ্বরকে, আকাশমন্ডল ও পৃথিবীর সৃষ্টিকর্তাকে দৃষ্টিপথে আনে। তাদের সা(াতে শয়তান যীশুর গৌরবময় পুন(খান পেশ করে, ও তাদেরকে বলেন যে, সপ্তাহের প্রথম দিনটিতে তাঁর উত্থানের দ্বারা, তিনি বিশ্রামদিনকে সপ্তম দিন থেকে সপ্তাহের প্রথম দিনে পরিবর্তিত করেন। এভাবে শয়তান পুন(খানকে তার অভিপ্রায় জারি করতে ব্যবহার করে। সে ও তার দূতেরা আনন্দিত হয় যে যে ভুলগুলি তারা প্রস্তুত করে, খৃষ্টের প্রকাশিত বন্ধুদের সঙ্গে তা এত ভালভাবে কাজে লাগে। যা একজনে ধর্মীয় ঘৃণার বস্তু হিসেবে দেখে, অন্যে গ্রহণ করে। বিভিন্ন ত্রুটি গৃহীত হবে, আর উদ্যোগের সঙ্গে প্রতির(ণ করা হবে। স্পষ্টভাবে তাঁর বাক্যে প্রকাশিত ঈশ্বরের ইচ্ছে, সেই ত্রুটি ও পরম্পরায় আবৃত হয়, যাকে ঈশ্বরের আজ্ঞাসমূহ রূপে শেখানো হয়। তবে যদি স্বর্গকে যুদ্ধে আহ্বানকারী এই প্রতারণা খৃষ্টের দ্বিতীয় আগমন পর্যন্ত সময়ের মধ্যে দিয়ে চালিয়ে যেতে দেয়া হবে, তথাপি ভ্রান্তি ও প্রতারণার সমস্ত সময় ধরে, কোনো সা(ী ছাড়া ঈশ্বর পরিত্যক্ত(হয়ে থাকেন নি। মন্ডলীর অন্ধকার অবস্থা ও উৎপীড়নের মধ্য দিয়ে ঈশ্বরের সমস্ত আজ্ঞাপালনকারী বিশ্বস্ত ও প্রকৃত সা(ী থেকে এসেছে।

আমি দেখি যে দূতগণ বিস্ময়ে পূর্ণ হন যেমন তারা গৌরবের রাজার দুঃখভোগসমূহ ও মৃত্যু দেখেন। তবে আমি দেখি যে এটা দূতীয় বাহিনীর কাছে কোনো বিস্ময় ছিল না যে জীবন ও গৌরবের প্রভু, যিনি সমগ্র স্বর্গকে আনন্দ ও গৌরবে পূর্ণ করেন, মৃত্যুর বাঁধনগুলি খন্ডন করবেন, ও একজন সফল বিজয়ীরূপে তাঁর বন্দিগৃহ থেকে বেরিয়ে আসবেন, আর যদি এই ঘটনাগুলির কোনো একটি কোনো বিশ্রামের দিনের দ্বারা স্মৃতির(ার উৎসব রূপে পালিত হয়, তা হচ্ছে ত্রু(শারোহণ। কিন্তু আমি দেখি যে এই ঘটনাগুলি কোনোটিও ঈশ্বরের ব্যবস্থা পরিবর্তন বা রদ করতে পরিকল্পিত ছিল না, তবে সেগুলি তার পরিবর্তনশীলতার জোরালোতম প্রমাণ দেয়।

এই গু(ত্বপূর্ণ ঘটনাগুলির উভয়েরই তাদের স্মারক ছিল। প্রভুর ভোজে অংশ গ্রহণের দ্বারা টুকরো করা (টি ও দ্রা(া ফলের দ্বারা, যাবৎ না তিনি আসেন আমরা প্রভুর মৃত্যু দর্শাই। এই স্মারক পালনের দ্বারা, তাঁর দুঃখভোগসমূহের ও মৃত্যুর ঘটনাবলি আমাদের মনে তাজা করা হয়। খৃষ্টের পুন(খানের স্মৃতিপালন হয়। বাপ্তিস্ম গ্রহণের দ্বারা তাঁর সঙ্গে কবরপ্রাপ্ত হওয়ায় ও জলপূর্ণ কবর থেকে তাঁর পুন(খানের সাদৃশ্যে জীবনের নতুনতায় জীবনযাপনে ওঠায়।

আমাকে দেখানো হয় যে ঈশ্বরের ব্যবস্থা চিরকাল দৃঢ়ভাবে স্থায়ী হবে, ও নতুন পৃথিবীতে সমস্ত অনন্তকালের উদ্দেশে জীবিত থাকবে। সৃষ্টিতে যখন পৃথিবীর ভিত্তিসমূহ স্থাপিত হয়, সৃষ্টিকর্তার কার্যের ওপরে ঈশ্বরের পুত্রগণ ভালবাসা মিশ্রিত বিস্ময়ের সঙ্গে তাকান, আর সমস্ত স্বর্গীয় বাহিনী আনন্দের জন্যে উচ্চৈঃস্বর করেন। সে ছিল তখন যে বিশ্রামদিনের ভিত্তি স্থাপিত হয়। সৃষ্টির, ছয় দিনের শেষে ঈশ্বর তাঁর সমস্ত কার্য থেকে বিশ্রাম করেন যা তিনি সৃষ্টি করেছিলেন(আর তিনি সপ্তম দিনকে আশীর্বাদ করেন ও তা পবিত্র করেন, কারণ যে তাতে তিনি তাঁর সমস্ত কার্য থেকে বিশ্রাম করেন। পতনের পূর্বে এদোনে বিশ্রামদিন প্রতিষ্ঠিত হয়। আর আদম ও হবার দ্বারা, ও সমস্ত স্বর্গীয় বাহিনী দ্বারা পালিত হয়। ঈশ্বর সপ্তম দিনে বিশ্রাম করেন, আর আশীর্বাদ ও পবিত্র করেন(আর আমি দেখি যে বিশ্রামদিন কখনো লোপ পাবে না, কিন্তু মুক্তি(প্রাপ্ত সাধুগণ ও সমস্ত দূতীয় বাহিনী সমস্ত অনন্তকালের উদ্দেশে মহান সৃষ্টিকর্তার সম্মানে তা পালন করবে।

দানিয়েল ৭ অধ্যায়(২ থিষলনীকীয় ২ অধ্যায় দেখুন।

১৯শ অধ্যায়

দুর্দশায় অনন্ত জীবন নয়, মৃত্যু

শয়তান এদোনে তার প্রতারণা শু(করে। সে হবার উদ্দেশে বলে, তুমি কোনো ত্র(মেই মরিবে না। আত্মার অমরত্বের বিষয় এই ছিল শয়তানের প্রথম পাঠ(আর এই প্রতারণা সে সেই সময় থেকে বর্তমান সময় পর্যন্ত চালিয়ে এসেছে, আর তা চালিয়ে নিয়ে যাবে যাবৎ না ঈ(রের সন্তানদের বন্দিত্ব ফেরানো হবে। আমাকে এদোনে আদম ও হবার পানে নির্দিষ্ট করা হয়। তারা নিষিদ্ধ বৃ(র বিষয়ে অংশগ্রহণ করেন, আর তখন জীবন-বৃ(র চর্তুদিকে জ্বলন্ত তরবারি রাখা হয়, আর তাদেরকে উদ্যান থেকে বহিস্কৃত করা হয়, পাছে তারা জীবন-বৃ(র অংশগ্রহণ করেন ও অমর পাপী হয়ে যান। জীবন-বৃ(ছিল অমরত্ব স্থায়ী করতে। আমি শুনি একজন দূত জিজ্ঞেস করেন, আদমের পরিবারের কে সেই জ্বলন্ত তরবারি অতিত্র(ম করেছে ও জীবন বৃ(র অংশগ্রহণ করেছে? আমি অপর দূতগণকে উত্তর দিতে শুনি, আদমের পরিবারে কেউই সেই জ্বলন্ত তরবারি অতিত্র(ম করে নি, ও সেই বৃ(র অংশগ্রহণ করে নি। তাই কোনো অমর পাপী নেই। যে আত্মা পাপ করে সে এক চিরস্থায়ী মৃত্যু মরবে(এক মৃত্যু যা চিরকাল স্থায়ী হবে, যেখানে কোনো পুন(খানের আশা থাকবে না, আর তখন ঈ(রের ত্রে(াধ শান্ত হবে।

তা আমার কাছে এক বিস্ময় ছিল যে শয়তান এত ভালভাবে মনুষ্যকে ঈ(রের সেই বাক্যের, যে আত্মা পাপ করে সে অবশ্যই মরিবে, এই অর্থ বি(াস করাতে সফল হবে যে যে আত্মা মনুষ্য পাপ করে সে অবশ্যই মরবে না, কিন্তু অনন্তকালধরে দুর্দশায় বেঁচে থাকবে। দূত বলেন, জীবন হচ্ছে জীবনই, তা দৈহিক যন্ত্রণাতেই হোক বা সুখেই হোক। মৃত্যু হচ্ছে কষ্ট-দুঃখ ছাড়া, আনন্দ ছাড়া, বিদ্বেষ ছাড়া।

